# বিক্ষোভে উত্তাল দিল্লি, রাহুল-প্রিয়াঙ্কাসহ কয়েক নেতা আটক



ছবি: সংগৃহীত

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সরকারি বাসভবনের আশপাশের এলাকা থেকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী এবং সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদবসহ কয়েকজন রাজনৈতিক নেতাকে আটক করেছে দিল্লি পুলিশ। দ্য হিন্দুর প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

মঙ্গলবার (২১ জুলাই) নয়াদিল্লির লোক কল্যাণ মার্গে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের সামনে অবস্থান কর্মসূচিতে অংশ নিতে নেতারা জড়ো হলে তাদের আটক করা হয়। পরে তাদের পুলিশ হেফাজতে নেওয়া হয় বলে জানা গেছে।

এর একদিন আগে সংসদ ভবন অভিমুখে মিছিলের পর মঙ্গলবারও শত শত শিক্ষার্থী ও তাদের সমর্থক জন্তর মন্তরে জড়ো হন। আন্দোলনকারীদের দাবি, পুলিশের বলপ্রয়োগ তাদের আন্দোলন চালিয়ে যাওয়ার সংকল্প আরও শক্ত করেছে।

LENS ASIA

এদিকে একই দিনে দিল্লি হাইকোর্ট সমাজকর্মী সোনম ওয়াংচুককে তার পছন্দের বেসরকারি হাসপাতাল দিল্লির মেদান্তা হাসপাতালে স্থানান্তরের অনুমতি দিয়েছেন। তার স্ত্রী গীতাঞ্জলি আংমো এ বিষয়ে আবেদন করেছিলেন। এর আগে একক বিচারপতির দেওয়া আদেশে সাফদারজং হাসপাতাল থেকে ওয়াংচুককে অন্য হাসপাতালে স্থানান্তরের অনুমতি দেওয়া হয়নি। সেই আদেশকে চ্যালেঞ্জ করে আবেদন করা হয়েছিল।